

২০২৩

চতুর্থ সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : CC-10

(প্রবন্ধ ও বিবিধ রচনা)

পূর্ণমান - ৬৫

MURALIDHAR GIRLS' COLLEGE  
LIBRARY

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) ঊনবিংশ শতাব্দীর আর্থ-সামাজিক প্রেক্ষাপটে, বঙ্কিমচন্দ্রের সাম্যবাদী মনন 'বিড়াল' প্রবন্ধের মধ্য দিয়ে প্রকাশিত হয়েছে।  
— আলোচনা করো। ১০

অথবা,

- (খ) 'যে দেশে বহুধর্ম বহু ভাষা' প্রচলিত, সেই দেশে কোন ধর্ম বা ভাষা স্বীকৃত হবে তা প্রাবন্ধিক অন্নদাশঙ্কর রায়-এর মত অনুযায়ী আলোচনা করো। ১০

- ২। (ক) "জগতের উপরে মনের কারখানা বসিয়াছে এবং মনের উপরে বিশ্বমনের কারখানা — সেই উপরের তলা হইতে সাহিত্যের উৎপত্তি।" — আলোচনা করো। ১০

অথবা,

- (খ) "আধুনিক সাহিত্য মানুষের সাহিত্য।" — এই মন্তব্যের আলোকে আধুনিক সাহিত্য সম্পর্কে প্রাবন্ধিক গোপাল হালদারের দৃষ্টিভঙ্গির পরিচয় দাও। ১০

- ৩। (ক) 'ছিন্নপত্র'-এর চিঠিগুলিতে কীভাবে প্রকৃতিপ্রেম ও মানবপ্রেম একাত্ম হয়ে গেছে তা পাঠ্য পত্রগুলি অবলম্বনে বিশ্লেষণ করো। ১০

অথবা,

- (খ) 'ছিন্নপত্র'-এর পাঠ্য চিঠিগুলির সঙ্গে রবীন্দ্রনাথের লেখা সমকালীন কবিতাগুলির যোগসূত্র বিষয়ে আলোচনা করো। ১০

- ৪। (ক) "কেহ একা থাকিও না। যদি অন্য কেহ তোমার প্রণয়ভাগী না হইল তবে তোমার মনুষ্যজন্ম বৃথা" — উক্তিটি ব্যাখ্যা করে বুঝিয়ে দাও। ৫

অথবা,

- (খ) মাতৃভাষায় বিজ্ঞান চর্চার গুরুত্ব 'শিক্ষা ও বিজ্ঞান' প্রবন্ধ অবলম্বনে ব্যক্ত করো। ৫

Please Turn Over

- ৫। (ক) “সত্যের যথার্থ উপলক্ষিমাত্রই আনন্দ, তাহাই চরম সৌন্দর্য” — সংক্ষেপে ব্যাখ্যা করো। ৫  
 অথবা,  
 (খ) “একথা সত্য যে রবীন্দ্রনাথের পরে বাংলা ভাষায় তিনিই প্রথম মৌলিক কবি।” — বুদ্ধদেব বসু কার সম্পর্কে কেন একথা বলেছেন? ৫
- ৬। (ক) পদ্মানদীর পরিচয় ‘ছিন্নপত্র’-তে কীভাবে পরিস্ফুট হয়েছে তা সংক্ষেপে আলোচনা করো। ৫  
 অথবা,  
 (খ) “আমাদের দু’জনকার মধ্যে খুব গভীর এবং সুদূরব্যাপী চেনাশোনা আছে।” — প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ৫
- ৭। (ক) ‘আমার মন’ প্রবন্ধে কমলাকান্তের মূল বক্তব্য সংক্ষেপে লেখো। ৫  
 অথবা,  
 (খ) “সৌন্দর্য সৃষ্টি করাও অসংযত কল্পনাবৃত্তির কর্ম নহে।” — ব্যাখ্যা করো। ৫  
 অথবা,  
 (গ) রবীন্দ্রনাথের ‘ছিন্নপত্র’-এর ৩০ সংখ্যক পত্রের বিষয়বস্তু সংক্ষেপে লেখো। ৫
- ৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও — ১×১৫  
 (ক) ‘পাশ্চাত্য ও প্রাচ্য সমালোচনার ধারা’ প্রবন্ধটি কোন মূল গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?  
 (খ) কমলাকান্তের দপ্তরের প্রবন্ধগুলি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়?  
 (গ) সাহিত্য মানসিক জিনিসকে কী করে তোলে?  
 (ঘ) “... প্রতিনিয়ত অঙ্কুরিত মুকুলিত পুলকিত সূর্যসনাথা আদিম পৃথিবীর ভাব।” — উদ্ধৃত অংশটি ‘ছিন্নপত্র’-এর কত সংখ্যক পত্রে পাওয়া যায়?  
 (ঙ) ‘ডিফিউশন’ কী?  
 (চ) কোন রোমান্টিক কবির উদ্ধৃতি রবীন্দ্রনাথ ‘সাহিত্য’ গ্রন্থে ব্যবহার করেছেন?  
 (ছ) ‘চিন্তনায়ক বঙ্কিমচন্দ্র’ গ্রন্থটির লেখক কে?  
 (জ) “অনেক ছোটখাট জন্মচিহ্ন থাকে প্রত্যেক লেখার গায়ে” — ‘জন্মচিহ্ন’ বলতে লেখক কী বুঝিয়েছেন?  
 (ঝ) ‘ছিন্নপত্র’-এর কত সংখ্যক পত্রে গিরিবালা-নাম্নী উজ্জ্বল শ্যামবর্ণ একটি ছোটো মেয়ের উল্লেখ রয়েছে?  
 (ঞ) প্লেটোর গ্রন্থের নাম লেখো।  
 (ট) “প্রয়োজন ছিল এই বিদ্রোহের” — কোন ‘বিদ্রোহের’ কথা বলা হয়েছে?  
 (ঠ) আচার্য কুস্তক রচিত গ্রন্থের নাম কী?  
 (ড) “মনুষ্যমাত্রই পতঙ্গ” — প্রাবন্ধিক ‘পতঙ্গ’ বলতে কী বুঝিয়েছেন?  
 (ঢ) রবীন্দ্রনাথের ‘সাহিত্য’ গ্রন্থটির প্রকাশকাল লেখো।  
 (ণ) “পরের জন্য আত্মবিসর্জন ভিন্ন পৃথিবীতে স্থায়ী সুখের অন্য কোনো মূল্য নাই।” — কোন প্রবন্ধ থেকে উদ্ধৃতিটি গৃহীত?